নাটোরের লালপুর উপজেলা সড়কে এক প্রাইভেটকার চালককে গলাকেটে হত্যা



সংগৃহীত ছবি

নাটোরের লালপুর উপজেলায় সড়কে প্রাইভেটকার থামিয়ে এক চালককে নৃশংসভাবে গলা কেটে হত্যা করেছে দুর্বৃত্তরা। বৃহস্পতিবার (৭ আগস্ট) রাত প্রায় ১০টার দিকে গোপালপুর-লালপুর সড়কের গোপালপুর মিলস হাইস্কুলের কাছে এ মর্মান্তিক ঘটনা ঘটে।

নিহতের নাম সাইদুর রহমান। তিনি কুষ্টিয়া জেলার ভেড়ামারা রেলগেট এলাকার বামনগ্রাম গ্রামের বাসিন্দা। স্থানীয় সূত্র ও পুলিশ জানায়, সাইদুর প্রাইভেটকার নিয়ে ভেড়ামারা থেকে বনপাড়ার উদ্দেশ্যে রওনা হয়েছিলেন। পথে গোপালপুর রেলগেট এলাকায় পৌঁছালে দুর্বৃত্তরা গাড়ি থামিয়ে ধারালো অস্ত্র দিয়ে তার ওপর হামলা চালায়। গাড়ির ভেতরেই তাকে কুপিয়ে ও গলা কেটে হত্যার পর তারা দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে।

হামলার পর গুরুতর আহত সাইদুর প্রাণ বাঁচাতে গাড়ি থেকে বেরিয়ে আসেন, তবে অতিরিক্ত রক্তক্ষরণের কারণে সড়কের পাশেই লুটিয়ে পড়ে মারা যান। তার সঙ্গে থাকা এক যাত্রীর চিৎকারে স্থানীয়রা ঘটনাস্থলে ছুটে এসে রক্তাক্ত দেহ দেখতে পান।

খবর পেয়ে লালপুর থানা পুলিশ গিয়ে মরদেহ উদ্ধার করে। গাড়িতে থাকা কাগজপত্রের মাধ্যমে নিহতের পরিচয় নিশ্চিত হয়।

নাটোরের অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মো. ইফতে খায়ের আলম বলেন, “প্রাথমিকভাবে মনে হচ্ছে, ধারালো অস্ত্রের আঘাতেই সাইদুরের মৃত্যু হয়েছে। তিনি গাড়ি থেকে নেমে পালানোর চেষ্টা করলেও অতিরিক্ত রক্তক্ষরণে ঘটনাস্থলেই মারা যান।”

তিনি আরও জানান, গাড়িটি কুষ্টিয়া থেকে ছেড়েছিল বলে প্রাথমিক তথ্য পাওয়া গেছে। ঘটনাস্থল থেকে গুরুত্বপূর্ণ আলামত জব্দ করা হয়েছে এবং গাড়িতে থাকা এক যাত্রীকে হেফাজতে নেওয়া হয়েছে। হত্যাকাণ্ডের রহস্য উদ্ঘাটনে পুলিশের একাধিক দল কাজ করছে।

ঘটনার পর এলাকায় চরম আতঙ্ক বিরাজ করছে। পুলিশ জানিয়েছে, তদন্তের অগ্রগতি হয়েছে এবং শিগগিরই বিস্তারিত তথ্য প্রকাশ করা হবে।